মেহেরপুরে বিএনপির প্রার্থী নির্বাচন থেকে সরে দাঁড়ালেন

মেহেরপুর জেলা বিএনপি থেকে বহিস্কৃত বিএনপি নেত্রী রোমানা ইসলাম নির্বাচন থেকে সরে দাঁড়ালেন।

আজ রবিবার (২৮ এপ্রিল) বেলা ১২ টার সময় মেহেরপুর প্রেসক্লাবে সাংবাদিক সম্মেলন করে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর ঘোষণা দেন তিনি।

এসময় জেলা বিএনপির সহ-সভাপতি ও সাবেক পৌর মেয়র আব্দুর রহমান, পৌর মহিলা দলের সাংগাঠনিক সম্পাদক সাবেক কমিশনার বেদেনা খাতুন উপস্থিত ছিলেন।

এর একদিন আগে শনিবার (২৭ এপ্রিল) বিএনপির কেন্দ্রীয় কমিটির যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী তাকে বহিষ্কার করেন।

রোমানা ইসলাম মেহেরপুর জেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক ও সদর উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান ছিলেন। ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনেও তিনি সদর উপজেলা পরিষদ নির্বাচনের মহিলা ভাইসচেয়ারম্যান পদের প্রার্থী ছিলেন।

লিখিত বক্তব্যে রোমানা ইসলাম বলেন, সঙ্গত কারনে বিএনপি এই সরকারের অধীনে জাতীয় ও স্থানীয় সরকারসহ সকল পর্যায়ের নির্বাচন বর্জন করেছে। তাই দলীয় সিদ্ধান্তকে সম্মান জানিয়ে আমার প্রার্থীতা প্রত্যাহার ও নির্বাচন বর্জন করলাম।
দলের জাতীয় ও স্থানীয় নেতৃবৃন্দের কাছে ক্ষমা প্রার্থনা করে তার দলীয় পদ ফিরিয়ে দেওয়ারও আবেদন জানান তিনি।